গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

১০-০৩-১৪২৬ বঙ্গাব্দ
স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭ (অংশ-১)-৯২৪ তারিখঃ------------------------
২৪-০৬-২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গত ০৭ এপ্রিল, ২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৯) প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৭ এপ্রিল, ২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন/তথ্যাদি আগামী ০১-০৭-২০১৯ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের সমন্বয় শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৯) প্রতিবেদন আগামী ০১-০৭-২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, দপ্তর/সংস্থা সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী (কপি সংযুক্ত) তাঁর দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লেখিত প্রতিটি লক্ষ্যমাত্রার প্রকৃত অর্জন মূল্যায়ন করে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ০১-০৭-২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: বর্ণনামতে

২৪/০৬/১৯

(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৫৬১
ইমেইল: (csmoys66@gmail.com)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
২। পরিচালক (অতিরিক্ত সচিব), ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৪। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৫। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন
অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯-এর মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা

মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লেখিত প্রতিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকৃত অর্জন মূল্যায়ন করা প্রয়োজন।

২। মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৮-১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি ও পদ্ধতি অনুসরণ করতে হবে :

- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে স্ব স্ব দপ্তর/সংস্থার প্রতিটি কার্যক্রমের আওতায় উল্লেখিত প্রতিটি সূচকের বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করতে হবে;
- দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত প্রতিটি কার্যক্রমের বিপরীতে অর্জিত ফলাফল উল্লেখপূর্বক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে;
- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে প্রতিটি কার্যক্রমের বিপরীতে দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অর্জন সংক্রান্ত তথ্যাদি এবং প্রমাণকসমূহ যথাযথভাবে যাচাই করতে হবে এবং এ সকল প্রমাণক/তথ্যের যথার্থতা নিরূপণ করতে হবে;
- দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটি সরেজমিনে যাচাইঅন্তে অর্জনের সপক্ষে প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক প্রমাণকসমূহ সংরক্ষণ করবেন এবং জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট ও মন্ত্রণালয়/বিভাগের নৈতিকতা কমিটি-এর চাহিদা মোতাবেক তা তাৎক্ষণিকভাবে সরবরাহ করবে;
- প্রমাণকের কলেবর বিবেচনা করে ক্ষেত্রবিশেষে নৈতিকতা কমিটি কর্তৃক প্রকৃত অর্জনের সপক্ষে প্রয়োজনীয় দলিলাদি পিডিএফ আকারে ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে;
- নৈতিকতা কমিটি কর্তৃক পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনান্তে ২০১৮-১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অনুমোদিত মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে।

৩। ২০১৮-১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর মূল্যায়ন:

কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	একক	নম্বর প্রদান পদ্ধতি
১	২	৩	৪	
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা………………………………১১				
১.১ নৈতিকতা কমিটির সভা	অনুষ্ঠিত সভা	৪	সংখ্যা	প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, নির্ধারিত ত্রৈমাসিকের সভা পরবর্তী সময়ে আয়োজন করা হলে প্রতিটি সভার বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে।
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	৪	%	প্রতি ত্রৈমাসিকে আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে।
১.৩ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	১	তারিখ	স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। উল্লেখ্য, শুদ্ধাচার সংক্রান্ত সেবাবক্সে ১. বার্ষিক কর্ম-পরিকল্পনা; ২. ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি; ৩. প্রজ্ঞাপন/নীতিমালা/পরিপত্র/কার্যবিবরণী; এবং ৪. যোগাযোগ-এই চারটি লিঙ্কে তথ্যাদি হালনাগাদ করে আপলোড করতে হবে।
১.৪ উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	উত্তম চর্চার তালিকা প্রেরিত	২	তারিখ	২০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা শাখায় প্রেরণ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে।

কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	একক	নম্বর প্রদান পদ্ধতি
১	২	৩	৪	
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন.............................. ৭				
২.১ অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	২	সংখ্যা	অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে।
২.২ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন	অংশগ্রহণকারী / প্রশিক্ষণার্থী	৩	সংখ্যা	প্রশিক্ষণের অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থীর মোট সংখ্যার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে।
২.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণার্থী	২	সংখ্যা	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রশিক্ষণার্থীর মোট সংখ্যার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে।
৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন.............১০				
৩.১				শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন / বিধি / নীতিমালা / ম্যানুয়েল ও প্রজ্ঞাপন / পরিপত্র-এর বাস্তবায়নের ক্ষেত্রে কোন্ আইন / বিধি / নীতিমালা / ম্যানুয়েল ও প্রজ্ঞাপন / পরিপত্র বাস্তবায়ন করা হবে তার নামসহ কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়নের ক্ষেত্রে কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া সাপেক্ষে এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। অন্যথায় কোন নম্বর প্রদান করা যাবে না।
৩.২				
৩.৩				
৪. তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম ১৪				
৪.১ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	১	তারিখ	স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূরণ নম্বর পাওয়া যাবে। এক্ষেত্রে, তথ্য অধিকার সংক্রান্ত সেবাবক্সে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ, প্রধান তথ্য কমিশনার ও তথ্য কমিশনারগণ এবং আরটিআই কমিটিসমূহ, তথ্য প্রাপ্তির আবেদন/আপিল/অভিযোগ ফরম, বাস্তবায়ন নির্দেশিকা, তবে অবমুক্তকরণ নীতিমালা প্রণয়ন সহায়িকা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য অধিকার বাস্তবায়ন পরিকল্পনা, আইন/বিধি/কৌশল এবং প্রাসঙ্গিক হালনাগাদ তথ্যাদি সন্নিবেশ করতে হবে।
৪.২ তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন	অনলাইন প্রশিক্ষণের সনদপ্রাপ্ত	২	তারিখ	তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লক্ষ্যমাত্রায় বর্ণিত সময়ে অনলাইন প্রশিক্ষণ সম্পাদন করলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি মাসের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে।